



বঙ্গবন্ধু পরিষদ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কার্যালয়ঃ ওয়াপদা ভবন
মতিঝিল, ঢাকা-১০০০।

স্মারক নং-বপ/বিউবো/২০১৫-২০২৩-১২০/১০

তারিখঃ ২২/০৫/২০২৩

বরাবর

মাননীয় চেয়ারম্যান

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

বিষয়ঃ- বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর ২০২১-২০২২ অর্থ বছরে APA এর লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় “ইনসেনটিভ বোনাস”
পরিশোধসহ স্বতন্ত্র বেতন স্কেল, ঝুঁকিভাতা এবং বিউবোর আওতাধীন মসজিদসমূহে প্রতিদিন বাদ ফজর থেকে ২ ঘণ্টা মজব্ব,
রাত্রে বয়স্কদের কোরআন শিক্ষা চালু করণ প্রসংগে।

দৃষ্টি আকর্ষণ : সদস্য (অর্থ), সদস্য (প্রশাসন) ও সচিব (বিউবো) মহোদয়।

মহোদয়,

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহ ওয়া বরাকাতুহু। স্বাধীনতা লাভের পর বাঙ্গালী জাতির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু দেশের খেটে খাওয়া মানুষ যাতে সহজে এবং অল্প খরচে বেশী সেবা পায়, সেজন্য তৎকালীন ওয়াপদাকে জাতীয়করণ করেছেন। কিন্তু দুঃখের সাথে বলতে হয় ১৯৭৫, ১৫ আগষ্ট কালো রাতে এ দেশের বিপথগামী, কুলাংগার ক্ষমতা লোভি সেনাবাহিনীর কিছু সদস্য বঙ্গবন্ধুকে স্বপরিবারে নির্মূল করে অবৈধভাবে ক্ষমতায় এসে দেশের সবচেয়ে লাভজনক, সেবামূলক প্রতিষ্ঠানটিকে আন্তে আন্তে পানির দামে বেসরকারী খাতে ছেড়ে দিয়ে নিজেদের পছন্দের আমলাদের বড় বড় পদে বসিয়ে দূনীতি করে সমস্ত সুযোগ সুবিধা নিশ্চিত করে দেশকে অস্থিতিশীল পাকিস্তানী কায়দায় বিশ্ব দরবারে একটি দূনীতি জাতিতে রূপান্তরিত করে। যারা রাত দিন মাথার ঘাম পায়ে ফেলে কঠোর শ্রম দিয়ে নিজের তথা পরিবার-পরিজনদের মায়া ত্যাগ করে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, দুর্যোগকালে ঝড়-বৃষ্টি মাথায় নিয়ে এদেশের মানুষকে সেবা দিয়ে যাচ্ছে, তাদের সমস্ত সুযোগ সুবিধা বঞ্চিত করে অনেক কম দামে বিদ্যুৎ কিনে বেশী দামে বিক্রি করে দেশের মানুষকে হয়রানি করছে; তাদের বেতন দ্বিগুন, সুযোগ সুবিধা অনেক অনেক বেশী। ইতিমধ্যে APA বোনাসের অর্থ আমাদের চেয়ে দ্বিগুন ডিপিডিসিএল, পিজিসিবি, ডেসকোসহ অন্যান্য প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ অনেক আগেই ভোগ করেছেন। পক্ষান্তরে আমাদের বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য বরাদ্দ মাত্র ১টি বোনাস, যা বন্ধ করে দিয়ে আমাদের আন্দোলনে নামার অবস্থা সৃষ্টি করে রাস্তায় নামিয়েছেন। জননেত্রী শেখ হাসিনা এদেশের ১৮ কোটি মানুষের ঘরে ঘরে আলো জ্বালিয়ে রাখার কাজে যারা নিয়োজিত তাদের দেখভালের জন্য আপনার নেতৃত্বে বর্তমান বোর্ড প্রশাসনকে অভিভাবক হিসাবে নিয়োজিত করেছেন। আপনি আমাদের অভিভাবক হিসাবে আমাদের ন্যায্য অধিকার আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন ইনশাআল্লাহ। ১৯৭৫, ১৫ আগষ্টের পর স্বাধীনতা বিরোধিতা প্রকাশনের বিভিন্ন দপ্তরে পদস্থিত থেকে দূনীতি বাজদের আড্ডাখানায় পরিনত করেছিলেন। জননেত্রী শেখ হাসিনা ১৯৮১ সালের ১৭ মে ৬ বছর নির্বাসনে থাকার পর এদেশের মাটিতে প্রত্যাবর্তন করে সুদীর্ঘ ২১ বছর এদেশের জনগণকে সাথে নিয়ে আন্দোলন সংগ্রাম করে আল্লাহর অশেষ রহমতে ১লা জুন ১৯৯৬ সালে দেশের মানুষের আস্থা অর্জন করে ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে আন্তে আন্তে দূনীতিবাজদের আসল চরিত্র উন্মোচন করতে শুরু করলেও পরবর্তী ২০০১ সালের দেশী-বিদেশী দূনীতিবাজদের যড়যন্ত্রের কারণে বিরোধি দলে অবস্থান করলেও আন্দোলন সংগ্রাম অব্যাহত রেখে ২০০৮ সালের ৩০ ডিসেম্বর এদেশের মানুষের আস্থা অর্জন করে আবারও ক্ষমতায় এসে দীর্ঘ প্রায় সাড়ে ১৪ বছর একটানা ক্ষমতায় থেকে দূনীতিবাজদের সমূলে উৎখাত করার প্রক্রিয়া চালু করেছেন। তারই ধারাবাহিকতায় বোর্ড প্রশাসন দীর্ঘদিন পরে হলেও স্বাধীনতার পক্ষে, এদেশের জনগণের পক্ষে নিরলস কাজ করে যাচ্ছেন। ইতোমধ্যে কোটি কোটি টাকা দেশের জনগণের সম্পদ রক্ষায় বলিষ্ঠ ভূমিকা রেখেছেন। এ প্রশাসনকে দূনীতিবাজ চক্র সরিয়ে দেয়ার যড়যন্ত্রে লিপ্ত। বিউবোর্ডে বঙ্গবন্ধুর আদর্শের নির্ধারিত, নিষ্পেষিত, অবহেলিত কর্মকর্তা/কর্মচারীগ সজাগ হয়েছেন, যে কোন যড়যন্ত্র শক্ত হাতে মোকাবেলা করতে প্রস্তুত-ইনশাআল্লাহ। অতীতের দূনীতিবাজদের কর্মকাণ্ডে ঘৃণা ও তীব্র নিন্দা জানাই। বর্তমান প্রশাসনকে সাধুবাদ জানাই, স্বাগত জানাই। মহান আল্লাহর নিকট প্রার্থনা করি তিনি যেন বর্তমান প্রশাসনকে দীর্ঘদিন বোর্ডের সেবা করার সুযোগ দেন, সুস্থতা ও নেক হয়্যাত দান করেন।

মহোদয়ের নিকট আমাদের বিনীত অনুরোধ, অতিসত্ত্বর APA বোনাস, স্বতন্ত্র বেতন স্কেল, ঝুঁকিভাতা এবং বিউবোর আওতাধীন মসজিদ সমূহে বাচ্চাদের জন্য মজব্ব, বয়স্কদের জন্য রাত্রীকালীন কোরআন শিক্ষা, বছরে অন্তত ২বার কেরাত, হামদ-নাত, সহি শুদ্ধ কোরআন পড়ার প্রতিযোগিতায় ১ম/২য়/৩য় দের পুরস্কৃত করা। নৈতিক চরিত্র উন্নয়নের জন্য বৎসরে ২ বার হক্কানি আলেম ওলামাদের নিয়ে কোরআন হাদিসের আলোচনার ব্যবস্থা করা। আশাবাদি আগামী ১০(দশ) দিনের মধ্যে আমাদের ন্যায্য সংগত ন্যায্য দাবীসমূহ পূরণে সচেষ্ট হবেন, অন্যথায় পরবর্তী কর্মসূচী নিয়ে সারা বাংলার বিদ্যুৎ অংগনে জনসংযোগ, লিফলেট বিতরণ, গেইট সভা, বিক্ষোভ এমনকি কর্মবিরতির মত শক্ত অবস্থানে ধাবিত না করার সবিনয় অনুরোধ জানাচ্ছি।

সার্বিক সহযোগিতার আশ্বাস জানাচ্ছি। আল্লাহ আমাদের সহায় হোন। আমিন

২২/০৫/২০২৩

(মোঃ আব্দুল্লাহ কাদের)

সাধারণ সম্পাদক

বঙ্গবন্ধু পরিষদ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। বোর্ডের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

২। মিঃ সচিব, মিঃ অর্থ, মিঃ প্রশাসন, মিঃ সচিব (বিউবো), মিঃ সচিব (আপা),
মিঃ সচিব (স্বতন্ত্র বেতন স্কেল ও ঝুঁকি ভাতা), মিঃ সচিব (মসজিদসমূহের মজব্ব)
শ্রদ্ধাঞ্জলি ২৩/০৫/২৩)।

২২/০৫/২০২৩